

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৯৮

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (ﷺ) পরিচ্ছেদঃ ৮. ঘিয়ের পাত্রে ইদুর পড়ে মারা গেলে

باب مَا جَاءَ فِي الْفَأْرَةِ تَمُوتُ فِي السَّمْنِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، وَأَبُو عَمَّارٍ قَالاَ حَدَّثَنَا سَفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عَبَيْدِ اللَّهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنْ مَيْمُونَةَ، أَنَّ فَأْرَةً، وَقَعَتْ، فِي سَمْنٍ فَمَاتَتْ فَسُئِلَ عَنْهَا النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ " أَلْقُوهَا وَمَا حَوْلَهَا وَكُلُوهُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رُوكِيَ هَذَا الْحَديثُ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللّهِ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيُّ صلى الله عليه وسلم سُئِلَ وَلَمْ يَذْكُرُوا الزُّهْرِيِّ عَنْ عَبْهُ وَهُو حَديثُ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَهُو حَديثٌ غَيْرُ سَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ وَهُو حَديثٌ غَيْرُ مَحْفُوظٍ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ يَقُولُ وَحَديثُ مَعْمَرٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ شَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَذَكَرَ فِيهِ أَنَّهُ سُئِلَ عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَذَكَرَ فِيهِ أَنَّهُ سُئِلَ عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَذَكَرَ فِيهِ أَنَّهُ سُئِلَ عَنْ سَعِيد بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَذَكَرَ فِيهِ أَنَّهُ سُئِلَ عَنْ شُؤِلًا أَذْ الله عَليه وَلَا وَكَدِيثُ مَعْمَرٍ عَنِ النَّهُ عَنْ النَّهِ عَنِ ابْنِ عَبَاسٍ عَنْ مَيْمُونَة . وَلَا وَالصَّحِيحُ حَدِيثُ النَّهُ مِنْ عُنَالُ هَذَا خَطَأً أَخْطَأَ أَيْعُونَ وَهُ مَا وَلَا مَوْدَةً وَالْ هَذَا خَطَأً أَيْعُوا فَلَا وَالْمَوْدَة .

বাংলা

১৭৯৮। মাইমূনা (রাঃ) হতে বর্ণিত আছে, কোন এক সময় ঘিয়ের মধ্যে একটি ইদুর পড়ে মারা গেল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বললেনঃ ইদুরটি তুলে ফেল এবং এর চারপাশের ঘিও ফেলে দাও, তারপর তা খাও।

সহীহ, বুখারী (২৩৫)

আবৃ হুরাইরা (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন। যুহরী-উবাইদুল্লাহ হতে ইবনু আব্বাস (রাঃ)-এর বরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সূত্রেও



উল্লেখিত হাদীসটি বর্ণিত আছে এবং এই সনদসূত্রে মাইমূনা (রাঃ)-এর উল্লেখ নেই। তবে ইবনু আব্বাস (রাঃ) হতে এই মাইমূনা (রাঃ)-এর সূত্রটি অনেক বেশি সহীহ। পূর্বোক্ত হাদীসের মতো মামার-যুহরী হতে, তিনি সাইদ ইবনুল মুসাইয়্যিব হতে, তিনি আবু হুরাইরা (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এই সূত্রে বর্ণিত আছে, কিন্তু এই সূত্রটি অরক্ষিত।

আবূ ঈসা বলেন, আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈল আল-বুখারীকে বলতে শুনেছি, মামার-যুহরী হতে, তিনি সাঈদ ইবনুল মুসাইয়্যিব হতে, তিনি আবূ হুরাইরা (রাঃ) হতে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত আছে যে, তাকে এ বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, শক্ত হয়ে জমানো ঘি হলে তোমরা ইদুরটি এবং তার চারপাশের ঘি ফেলে দাও, আর তরল হলে তার ধারেও যেও না। এই বর্ণনাটি। এবং মামার এতে ভুল করেছেন। নির্ভুল হল যুহরী-উবাইদুল্লাহ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে, তিনি মাইমূনা (রাঃ)-এর সূত্রে বর্ণিত হাদীসটি।

English

Narrated Ibn 'Abbas:

From Maimunah that a mouse fell in some cooking fat and died. So the Prophet (ﷺ) was asked about that and he said: "Remove it (the mouse) and what was around it and then eat it (the fat)."

He said: There are something on this topic from Abu Hurairah.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. This Hadith has been related from Az-Zuhri, from 'Ubaidullah, from Ibn 'Abbas, saying: "The Prophet (**)) as asked" and they did not mention Maimunah in it. The narration of Ibn 'Abbas from Maimunah is more correct. Ma'mar reported similar from Az-Zuhri, from Sa'eed bin Al-Musayyab, from Abu Hurairah, from the Prophet (**). But this hadith is not preserved. He said: I heard Muhammad bin Isma'il saying: "The Hadith of Ma'mar from Az-Zuhri, from Sa'eed bin al-Musayyab, from Abu Hurairah, from the Prophet (**)" - and he mentioned in it: 'That he was asked about it, so he said: "When it (the coking fat) is solid then remove it (the mouse) and what was around it. And when it is liquid then do not use it.'" This is a mistake. Ma'mar made a mistake with it. And he said: What is correct is the narration of Az-Zuhri from 'Ubaidullah, from Ibn 'Abbas, and Maimunah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ মাইমূনাহ (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 40565$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন